PG Odd Semester (CBCS) Exam., December—2017

BENGALI

(1st Semester)

Course No. : BNGCC–104

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। চর্যাগানের পুথিটির প্রকৃত নাম কী ছিল? সে বিষয়ে একাধিক মতের উল্লেখ করে তোমার সিদ্ধান্তটি লেখো। চর্যাপদে প্রাচীন বাংলার সমাজজীবনের যে পরিচয় ফুটে উঠেছে সে বিষয়ে আলোচনা করো। ১+৩+১০=১৪

২। চর্যার গীতিসংকলনের প্রথম পদটি কার লেখা? *Introduction to Tantric Buddhism* গ্রন্থটির প্রণেতা কে? উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে চর্যাপদের ধর্মমত ও সাধন পদ্ধতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। কোন্ ঘটনার পর রাধা কিছুদিন মথুরাহাটে যাবার অনুমতি পাননি? ঘটনাটি কোন্ খণ্ডে রয়েছে? ''রাধাকৃষ্ণলীলা-বিষয়ক কাব্য হওয়া সত্ত্বেও 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে তৎকালীন সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তাতে বঙ্গদেশ ও বাঙালি মনের ছাপটি নিঃসন্দিগ্ধভাবে অনুভব করা যায়।'' আলোচনা করো। ১+১+১২=১৪

৪। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কোন্ সংস্করণটিকে প্রামাণিক সংস্করণরূপে গ্রহণ করা হয়েছে? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে মোট পদসংখ্যা কত? ''যেখানে শ্রীকৃষ্ণকীর্তনের শেষ, সেখানেই বৈষ্ণব পদাবলীর শুরু।'' মন্তব্যটি বিচার করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'বৈষ্ণব পদাবলী'-র আদিকবি কাকে বলা হয়? কেন তিনি আদি কবি? গৌড়ীয় বৈষ্ণব ধর্মে মধুররসকে মূলরস হিসেবে অন্তর্ভুক্ত করার যথাযথ কারণ বিশ্লেষণ করো। ১+৩+১০=১৪

৬। চণ্ডীদাসের ভাবশিষ্য কাকে বলা হয়? তিনি কোন্ পর্যায়ের শ্রেষ্ঠ কবি? অভিসারের সংজ্ঞা ও স্বরূপ বিশ্লেষণ করে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার কৃতিত্ব নিরূপণ করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। ''মহাজন বাক্য ইহ পূরণ করিআ।'' মহাজন বাক্যটি কী? কে, কীভাবে তা পূরণ করেছেন? ''জোলেখার প্রেমের তিনটি স্তর অতি স্পষ্ট—রূপোন্মত্ততা, কামোন্মত্ততা ও প্রেমোন্মত্ততা।'' পর্যালোচনা করো। ১+৩+১০=১৪

৮। কার, কোন্ পদটিকে অবলম্বন করে বাংলায় চৈতন্য সাহিত্যচর্চার সূত্রপাত হয়েছিল? 'চৈতন্যভাগবত'-এর আদিখণ্ড অবলম্বনে চৈতন্যকে অবতার হিসেবে বর্ণনা করার কারণ বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। মুকুন্দ চক্রবর্তীর পিতৃনিবাস কোথায় ছিল? তিনি পিতৃনিবাস ছেড়ে যেতে বাধ্য হয়েছিলেন কেন? বাস্তবজীবনে কৌতুক-মিশ্রিত দৃষ্টিতে ''মানুষের ঘর-সংসারের চিত্রকে তুলে ধরেছেন মুকুন্দ চক্রবর্তী। কাব্যের একদিকে ব্যাধ-কালকেতু, অন্যদিকে বণিক সমাজ সমানভাবে জীবন্ত।'' বিশদ করো। ১+১+১২=১৪

১০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের আদিকবি কে? কবি প্রদত্ত এই কাব্যের কালজ্ঞাপক ছত্রটি লেখো। ''মঙ্গলকাব্যে দেব-দেবীর লীলা-মাহাত্ম্য কীর্তন উপলক্ষ মাত্র, প্রকৃতপক্ষে মানুষের জীবনগাথা রচনাই ছিল আসল কথা।'' পর্যালোচনা করো। ১+২+১১=১৪

★★★